

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৩৫.১৮- ৩০৭৭

তারিখঃ

৩০ আশ্বিন, ১৪২৫
২৫ অক্টোবর, ২০১৮


বিষয় : রীট পিটিশন নং ৬৮৬৮/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আব্দুল বারেক, প্রধান শিক্ষক, জোত মুকুন্দপুর রেজিঃ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, কাহারুল, দিনাজপুর (বর্তমানে জাতীয়করণকৃত) প্রধান শিক্ষক হিসেবে যাবতীয় সুযোগ সুবিধার দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৬৮৬৮/২০১৮ দায়ের করেছেন। রীট পিটিশনটিতে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ৪নং রেসপনডেন্টসহ অন্যান্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে। রীট পিটিশনটির আরজির কোন কপি মহামান্য আদালত থেকে অদ্যবধি পাওয়া যায়নি। মহামান্য আদালত পিটিশনারগণকে রীট পিটিশনটির আরজির কপি সংশ্লিষ্ট রেসপনডেন্টদেরকে সরবরাহের নির্দেশনা প্রদান করেছেন।

২। বর্ণিত অবস্থায়, উক্ত রীট পিটিশনটির আরজির কপি সংশ্লিষ্ট পিটিশনারগণের নিকট থেকে সংগ্রহপূর্বক রীট পিটিশনটির আলোকে দফাওয়ারী ইংরেজী জবাব ও সরকার পক্ষের রেকর্ডপত্র ই-মেইল প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইন কোষে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারণে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।

সংযুক্তি, ১। রুলের কপি।


(মুহাম্মদ রুকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
দিনাজপুর।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৩৫.১৮- ৩০৭৭/২


তারিখঃ

৩০ আশ্বিন, ১৪২৫
২৫ অক্টোবর, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।


(মুহাম্মদ রুকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)।